# বাংলা (Bengali)
# (203)
# মূল্যায়ন পত্র (Assignment)

পূর্ণমান - ২০

**নির্দেশিকা ঃ**

**ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।**

**খ) উত্তর পত্রের প্রথম পৃষ্ঠার উপরদিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (AI) নম্বর এবং বিষয় লিখুন।**

**১। যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন।** 2

ক) ‘বিজ্ঞান সাধনায় আত্মোৎসর্গ করেছিলেন কুরিদম্পতির কন্যা ও জামাতা’ — আপনার মতামত এই বক্তব্যকে কতটা সমর্থন করে তা আলোচনা করুন। (পাঠ ৪ দেখুন)

খ) ‘একবার মাটির দিকে তাকাও / একবার মানুষের দিকে’ — ‘মাটি’ ও ‘মানুষ’ বলতে কবি এখানে কী কী বোঝাতে চেয়েছেন তা লিখুন। (পাঠ ১৫ দেখুন)

গ) শূণ্যস্থান পূরণ করুন ঃ-
১. বর্ণ হচ্ছে _________ রূপ।
২. সব বর্ণ মিলে হয়েছে ____________ ।
৩. বর্ণমালার দুটি বিভাগ। একটি ________ ও অন্যটি _____________ । (পাঠ ৩ দেখুন)

ঘ) কোনটি কোন জাতীয় শব্দ তা বেছে লিখুন (৪টি)
কামান, ঝিঙে, গিন্নি, হস্তী, আকাশ, পিদ্দিম।

অথবা

সাধু ভাষায় রূপান্তরিত করুন ঃ-
লেখাপড়াই প্রথম ও শেষ কথা — এটা মনে করলে মস্ত বড় ভুল হবে। পড়ে পড়ে বই এর পোকা হওয়া যায় বটে, কিন্তু তাতে সমাজের কোন উপকার হয় না। দেশের, দশের এমনকি নিজে লাভ করতে হলে নানাবিধ শরীরচর্চা ও খেলাধূলো দরকার। (পাঠ ৩ দেখুন)

**২। যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ৪০-৬০টি শব্দের মধ্যে লিখতে হবে)** ২

ক) ‘জলসত্র’ গল্পে জ্যৈষ্ঠ মাসের দুপুর বেলায় লেখক যে বিবরণ দিয়েছেন তা আপনার মতো করে লিখুন। (পাঠ ৮ দেখুন)

খ) ‘মাটির পৃথিবী পানে আঁখি মেলিযবে’ — ‘ওরা কাজ করে’ কবিতায় কবি মাটির পৃথিবীপানে তাকিয়ে যা দেখলেন তার বর্ণনা করুন। (পাঠ ১৯ দেখুন)

গ) যুদ্ধ কীভাবে সুন্দর এবং শান্তির নীরকে ধবংস করে দেয় তা দেখায় ‘ধ্বংস’ নামক গল্প। — আপনার মতামত লিখুন। (পাঠ ৫ দেখুন)

ঘ) বাক্য পরিবর্তন করুন ঃ-
১. অপু সেখান থেকে উঠল না। (অস্তর্থক বাক্যে)
২. নীলরঙের আকাশটা অনেক দূরে। (বিস্ময়সূচক বাক্যে)
৩. সবাই কি আর সব কাজ পারে? (নির্দেশক বাক্যে)
৪. পরিশ্রম দ্বারা সাফল্য আসে। (কার্যকারনাত্মক বাক্যে) (পাঠ ১৮ দেখুন)

**৩। যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ৪০-৬০টি শব্দের মধ্যে লিখতে হবে)** ২

ক) ‘‘আদিবাসী সমাজের প্রতিচ্ছবি আমরা চোট্টি মুন্ডার মধ্যে পাই’’ — এই কথার সমর্থনে দু একটি ঘটনার উল্লেখ করুন। (পাঠ ১৬ দেখুন)

খ) ‘‘সাধিতে মনের সাধ’’ — কার লেখা এবং কোন কবিতার অংশ? কবির মনের সাধ কি ছিল তা লিপিবদ্ধ করুন। (পাঠ ১০ দেখুন)

গ) ‘‘অবাক জলপান’’ নাটকে তৃষ্ণার্থ পথিক বিভিন্ন মানুষের কাছে জল চেয়েছেন — এই চাওয়ার কিছুটা বর্ণনা আপনার নিজের ভাষায় লিখুন। (পাঠ ১১ দেখুন)

ঘ) উদ্দেশ্য ও বিধেয় নির্ণয় করুন —
১) করিম কাল চিড়িয়াখানায় গিয়েছিল।
২) আমরা কাল শহরে যাব।
৩) ভারত তখন ইংরজেদের অধীনে।
৪) সেদিন সারাদেশ আনন্দে মেতে উঠেছিল। (পাঠ ১৮ দেখুন)

**৪। যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ১০০ - ১৫০ শব্দের মধ্যে লিখতে হবে)** ৪

ক) ‘রেকর্ড সমস্যার সমাধানে লেখকের অত্যন্ত আগ্রহী হয়ে হয়ে ওঠার কারণ কী’? (পাঠ ২৮ দেখুন)

খ) ‘‘তাই আমি পৃথিবীর রূপ / খুঁজিতে যাই না আর’’ — কবি কে? জন্মভূমির এই রূপমুগ্ধ তার বিবরণ আপনার নিজের ভাষায় লিখুন। (পাঠ ১৩ দেখুন)

গ) ভাবসম্প্রসারণ করুন ঃ-
উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে
তিনিই মাধ্যম যিনি চলেন তফাতে। (পাঠ ২৯ দেখুন)

ঘ) সদ্যোজাত শিশুটি ভূমিষ্ট হয়ে, হতাশ ক্লিষ্ট এই পৃথিবীর ছবি কিভাবে বর্ণনা করেছে তা আপনি নিজের ভাষায় লিখুন। (পাঠ ২৬ দেখুন)

**৫। যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ১০০-১৫০ শব্দের মধ্যে লিখতে হবে)** ৪

ক) প্রতিবছরের ন্যায় এবছরও আপনার বিদ্যালয়ে ভাষাদিবস (২১শে ফেব্রুয়ারী) সাড়ম্বরে পালিত হয়েছে। এই অনুষ্ঠানের বিবরণ ও ভাষা দিবসের অনুষ্ঠানের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধু /বান্ধবীকে একটি পত্র লিখুন। (পাঠ ৯-খ দেখুন)

খ) নিচের অংশটির সার সংক্ষেপ করুন ঃ-
ভারতবর্ষে পূর্বে বাস করিত শুধু আদিম অধিবাসীবৃন্দ। তাহারাই তাহাদের সভ্যতা গড়িয়াছিল। তাহার পর আসিল আর্যগণ। ইহারাই তৈয়ারী করিল ভারতীয় সভ্যতা। ভারতবর্ষের প্রচুর প্রাকৃতিক সম্পদের গুণে বহু বিদেশী জাতি বারবার এদেশে আসিয়াছে। তাহারা কেউ কেউ এদেশে থাকিয়া গিয়াছে। এভাবেই শখ-হুন-পাঠান-মোঘল ভারতে মিলিয়া মিশিয়া একাকার হইয়াছে। তাহার পর ২০০ বছরের ইংরেজ শাসণের পর আজ ভারতবর্ষ স্বাধীন হইয়াছে। কিন্তু প্রাচীন ভারতের সেই সংহতি এতটুকুও বিনষ্ট হয় নাই। (পাঠ ২৫ দেখুন)

গ) ভারত সংস্কৃতি আসলে মিশ্র সংস্কৃতি — ‘ভারতীয় সংস্কৃতির ধারা’ প্রবন্ধে প্রাবন্ধিক যা বোঝাতে চেয়েছেন তা আপনার ভাষায় লিপিবদ্ধ করুন।
নিচের প্রবাদ প্রবচনগুলো দিয়ে যুক্তিপূর্ণ বাক্য রচনা করুন। (পাঠ ২৩ দেখুন)

ঘ) ১. আঠারো মাসে বছর,
২. গভীর জলের মাছ,
৩. তুলসী বনের বাঘ,
৪. মশা মারতে কামান দাগা। (পাঠ ২২ দেখুন)

**৬। যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ৫০০ শব্দের মধ্যে লিখতে হবে)** ৬

ক) দূরশিক্ষার প্রসার — (দূরশিক্ষা কী — প্রথাগত শিক্ষার সাথে দূরশিক্ষার পার্থক্য — দূরশিক্ষার সুযোগ সুবিধা — ক্রমাগত দূরশিক্ষার চাহিদা বৃদ্ধির কারণ — একটি দূরশিক্ষার সংস্থার নাম উল্লেখ করুন — আপনার অঞ্চলে দূরশিক্ষার সম্বন্ধে সাধারণ মানুষের ধারনা — শিক্ষার আলো প্রতি ঘরে ঘরে পৌঁছে দেবার জন্য দূরশিক্ষার ভূমিকা নিয়ে নিজস্ব বিশ্লেষণ।)

খ) অরণ্য ও অরণ্যপ্রাণী সংরক্ষণ ঃ অরণ্য সৃজনের গুরুত্ব — বাস্তুতন্ত্র — কয়েকটি বিখ্যাত অভয়ারণ্যের নাম — যেকোন দুটি অভয়ারণ্যের ব্যঘ্র সুমারীর তথ্য লিপিবদ্ধ করুন — ব্যঘ্র সংরক্ষণের সরকারী আইন ও পদক্ষেপ — তোমার মতে ব্যঘ্র সংরক্ষণের জন্য কি কি পদক্ষেপ নেওয়া উচিত — তুলনামূলক আলোচনা করুন।

গ) আই. এস. এল. ঃ আই. এস. এল. কি — প্রেক্ষাপট — এই ক্রীড়া প্রতিযোগিতার মূল উদ্দেশ্য — গত আই. এস. এল. -এর প্রতিটি দলের সর্বাধিক গোল স্কোরারের তালিকা এবং গোলের সংখ্যা — আই. এস. এল. শুরু হবার পরে ভারতীয় ফুটবলের কি উন্নতি হয়েছে বা হচ্ছে না নিজস্ব অভিমত দিয়ে বিশ্লেষণ করুন।

ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঃ মাতৃভাষা দুগ্ধসম এই ধারণায় মাতৃভাষা সম্বন্ধে সম্যক ধারনা — আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট — কোন স্থানে এই উৎসব সবথেকে জনপ্রিয় এবং কেন — বর্তমান শিক্ষা ব্যবস্থায় মাতৃভাষার গুরুত্ব হারিয়ে যাচ্ছে — অন্তত কুড়ি জন ব্যক্তির বাংলা এবং ইংরেজী মাধ্যমে শিক্ষা প্রদান সম্বন্ধে মতামত লিপিবদ্ধ করুন — তুলনামূলক আলোচনা করুন।